গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নং: ৪৬.০০.০০০০.০৪১.৯৯.০০১.২৪-২৯৯ তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২২ মে ২০২৫

**বিষয়: রেললাইন সংলগ্ন বা রেলওয়ের মালিকানাধীন জায়গায় অবৈধভাবে পশুর হাট বসানো হতে বিরত থাকা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সচিব, রেলপথ মন্ত্রণালয় হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: আধা-সরকারি পত্র ০১ (এক) পাতা।

22/05/25
মোঃ শফিকুর আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭৬
ই-মেইল: lgadmin2@lgd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
২. পরিচালক, স্থানীয় সরকার, .......................... বিভাগ (সকল)।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল)।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, .......................... জেলা (সকল)।
৫. প্রশাসক, উপজেলা পরিষদ (সকল)।
৬. প্রশাসক, .......................... পৌরসভা (সকল)।

স্মারক নং: ৪৬.০০.০০০০.০৪১.৯৯.০০১.২৪-২৯৯ তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২২ মে ২০২৫

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. বিভাগীয় কমিশনার (সকল)।
২. উপদেষ্টার একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩. জেলা প্রশাসক (সকল)।
৪. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।
৫. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
৭. অফিস কপি।

22/05/25
মোঃ শফিকুর আলম
সিনিয়র সহকারী সচিব

সচিব
রেলপথ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
১৬ আব্দুল গণি রোড, রেলভবন,
ঢাকা-১০০০

Secretary
Ministry of Railways
Govt. of the People's Republic of Bangladesh
16 Abdul Gani Road, Railbhaban
Dhaka-1000

সুপ্রিয় সচিব মহোদয়,

আমার সালাম জানবেন।

রেলপথ মন্ত্রণালয়ে পক্ষ থেকে আপনাকে পবিত্র ঈদ-উল-আযহার অগ্রীম শুভেচ্ছা জানাচ্ছি। ঈদ-উল-আযহা ধর্মপ্রাণ মুসলিমদের জন্য অত্যন্ত মহিমান্বিত একটি উৎসব। প্রতিবছরের ন্যায় এবারও সারা দেশে ধর্মীয় উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে পবিত্র ঈদ-উল-আযহা উদ্‌যাপিত হবে বলে আমি বিশ্বাস করি। সরকার এ উপলক্ষে সমন্বিত প্রস্তুতি গ্রহণ করছে।

২। কোরবানির পশু ক্রয়-বিক্রয় ঈদ-উল-আযহার অন্যতম গুরুত্বপূর্ণ অংশ। এক্ষেত্রে দেশের বিভিন্ন স্থানে স্থায়ী পশুর হাট ছাড়াও অস্থায়ী পশুর হাট বসানো হয়ে থাকে। পরিলক্ষিত হয়েছে যে, বাংলাদেশ রেলওয়ের মালিকানাধীন জমি এবং রেললাইন সংলগ্ন এলাকায় অনেক সময় এসব হাট বসানো হয়। অতীত অভিজ্ঞতা অনুযায়ী, এসব হাটে যথাযথ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ না করায় সাধারণ জনগণ এবং রেল চলাচলের নিরাপত্তা হুমকির মুখে পড়ে। এছাড়াও, রেললাইনে অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনার কারণে ঈদ যাত্রার রেলের শিডিউল বিপর্যস্ত হওয়ার সম্ভাবনা থেকে যায়, যা কোনোভাবেই কাম্য নয়। আপনার আওতাধীন স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে যেমন: সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদে রেলওয়ের খোলা জায়গায়, রেললাইন ঘেঁষে ও রেলস্টেশনের প্রবেশপথে কোরবানির পশুর হাট বসানো হয়ে থাকে মর্মে জানা যায়।

৩। আপনি অবগত আছেন, বর্তমান সরকার সরকারি সম্পদের রক্ষা এবং সর্বসাধারণের নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে অত্যন্ত সংবেদনশীল। বিগত পবিত্র ঈদ-উল-ফিতরের ধারাবাহিকতায় আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উদ্‌যাপনকালেও সারাদেশের যাত্রীসাধারণের নির্বিঘ্ন ঈদযাত্রা নিশ্চিত করার বিষয়ে রেলপথ মন্ত্রণালয় বদ্ধপরিকর। সেপ্রেক্ষিতে, রেললাইন সংলগ্ন বা রেলওয়ের মালিকানাধীন জায়গায় অবৈধভাবে পশুর হাট বসানো হতে বিরত থাকার বিষয়ে সরকার দৃঢ় অবস্থান গ্রহণ করেছে। তবে, যদি কোনো স্থানে স্থানীয় বাস্তবতা বিবেচনায় রেললাইন সংলগ্ন এলাকায় পশুর হাট স্থাপন অত্যাবশ্যক হয়, তাহলে নিম্নোক্ত শর্তগুলো অবশ্যই মান্য করতে হবে:

(ক) হাট ব্যবস্থাপনায় নিয়োজিত ইজারাদারকে অবশ্যই রেললাইনের দিক ঘেঁষে নির্দিষ্ট দৈর্ঘ্য ও দূরত্ব বজায় রেখে বাঁশ বা উপযুক্ত উপকরণ দিয়ে শক্ত ঘেরাবেষ্টনী (ফেন্সিং) নির্মাণ করতে হবে;

(খ) ঘেরাবেষ্টনী এমনভাবে স্থাপন করতে হবে যাতে ট্রেন চলাচলে কোনো বিঘ্ন না ঘটে এবং হাটে আগত সাধারণ মানুষের চলাচলে নিরাপত্তা নিশ্চিত হয়; এবং

(গ) জেলা প্রশাসনের সার্বিক তত্ত্বাবধানে স্থানীয় পুলিশ ও রেলওয়ে কর্তৃপক্ষকে সমন্বয়ের মাধ্যমে ট্রেন চলাচল ও জননিরাপত্তা নিশ্চিত করতে হবে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সঙ্গে প্রয়োজনীয় সমন্বয় করবে।

৪। হাট-বাজার ব্যবস্থাপনাসহ সার্বিক আইন-শৃঙ্খলা বজায় রাখার ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ ঐতিহাসিকভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। রেলপথ মন্ত্রণালয়ের পক্ষ থেকে এই বিষয়েও স্থানীয় সরকার বিভাগের অগ্রণী ভূমিকাই প্রত্যাশিত।

আমি আপনার সুস্বাস্থ্য ও সাফল্য কামনা করছি।

আন্তরিকভাবে আপনার,

২০/০৫/২০২৫

(মোঃ ফাহিমুল ইসলাম)

জনাব মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
সচিব, স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব | ১) প্রশাসন |
| ২) মহাপরিচালক | ২) নগর উন্নয়ন |
| ৩) যুগ্মসচিব | ৩) উন্নয়ন |
| ৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ৪) পানি সরবরাহ (পাস) |
| | ৫) উপজেলা অধিশাখা |
| | ৬) ইউপি অধিশাখা |
| | ৭) অডিট অধিশাখা |
| | ৮) আইন অধিশাখা |
| ডায়রি নং.........................<br>তারিখ.......................... | স্বাক্ষর |

ফোন: +৮৮০২-৪১০৫২৫৯৯, ফ্যাক্স: +৮৮০২-৪১০৫২৭০৩, মোবাইল: +৮৮০১৩২৫-০৮৭৩৭৩, ই-মেইল: Secretary@mor.gov.bd
Phone: +8802-41052599, Fax: +8802-41052703, Mobile: +8801325-087373, E-mail: Secretary@mor.gov.bd